

## রমজান মাসে মুসলিমদেরকে সেবাপ্রদানকারী ভ্যাকসিনেশন সাইটগুলোর জন্য উত্তম রীতিসমূহ

মুসলমানদের ধর্ম পালনের সময় ভ্যাকসিন প্রদানের সাইটগুলোর নীতি ও রীতি যাতে তাদেরকে ভ্যাকসিন গ্রহণে সক্ষম করে তা নিশ্চিত করার মাধ্যমে রমজান মাসে COVID-19 ভ্যাকসিন গ্রহণের একটি ন্যায়সঙ্গত বিশেষ অভ্যর্থনা জানানোতে সহায়তা করে ভ্যাকসিন প্রদানের সাইটগুলো সাহায্য করতে পারে। এই বছরে রমজান মাসের সময়কাল ১২ এপ্রিল থেকে ১২ মে সন্ধ্যার মধ্যে পড়ে।

রমজান মাসে, মুসলমানরা ভোর ও সূর্যাস্তের মধ্যে রোজা পালন করে পানাহার থেকে নিজেদেরকে বিরত রাখেন। রোজা পালনকালে, মুসলমানরা ভ্যাকসিন গ্রহণে ইচ্ছুক হতে পারেন আবার নাও হতে পারেন।

এখানে কিছু বিষয় রয়েছে যা ভ্যাকসিন গ্রহণে ইচ্ছুক মুসলমান ব্যক্তিদের জন্য ভ্যাকসিন প্রদানের সাইটগুলো স্থানটিকে একটি অভ্যর্থনাপূর্ণ এবং সহায়ক স্থান হিসেবে তৈরিতে যা করতে পারে:

- এমন একটি জায়গা তৈরি করুন যেখানে লোকেরা নামাজ পড়তে পারে। এই স্থানটি স্পষ্টভাবে একাধিক ভাষায় লক্ষণীয় করতে হবে, জায়গাটি পরিষ্কার হতে হবে, সামাজিক দূরত্ব তৈরি করার জন্য পর্যাপ্ত জায়গা থাকতে হবে এবং সম্ভব হলে স্থানটি জনসাধারণের দৃষ্টিগোচর থেকে গোপনীয় থাকতে হবে। মুসলিমরা দিনে পাঁচ ওয়াক্ত নামাজ পড়েন: ফজর (ভোরবেলা), জোহর (মধ্যাহ্নে), আসর (বিকেলবেলা), মাগরিব (সূর্যাস্তের সময়), এশা (রাতের বেলা)।
- নামাজ পড়ার জন্য ব্যক্তিবর্গ ভ্যাকসিন গ্রহণের লাইন থেকে সরে গেলে লাইনে তাদের স্থান সংরক্ষণ করার একটি পস্থা প্রদান করুন।
- রোজা পালন করা হয় না এমন সময়ে (ভোরবেলার পূর্বে অথবা সূর্যাস্তের পর) সেবা প্রদান করুন।
- নামাজের প্রস্তুতি গ্রহণে নিজেদেরকে পরিষ্কার (ওয়াশ) করতে পারেন এমন রেস্টরুমে দিকনির্দেশনা দিতে একাধিক ভাষায় দৃশ্যমান নির্দেশক সাইনবোর্ড প্রদান করতে হবে।
- দর্শনার্থীদেরকে রোজা ভাঙ্গার সুবিধা প্রদান করে, উদাহরণস্বরূপ একটি নির্ধারিত স্থানে তাদেরকে খাওয়া ও পান করার অনুমতি দিন এবং COVID-19 এর জনস্বাস্থ্য নির্দেশিকা অনুসরণপূর্বক তাদেরকে খাওয়ার পানির সুবিধা প্রদান করুন।